

## শিক্ষকদের মর্যাদা সম্মত রাখতে হবে : মতিন

দেশের ভবিষ্যৎ বংশধরদের যোগ্য নাগরিক হিসাবে গড়ে তোলার দায়িত্ব শিক্ষকদের। শিক্ষা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রী প্রফেসর এম এ মতিন গতকাল একথা বলেন।

প্রফেসর মতিন শিক্ষকদের নব প্রজন্ম গড়ার স্থপতি বলে অভিহিত করেন। তিনি বলেন, সমাজে তাদের মর্যাদা সম্মত রাখার নৈতিক ও জাতীয় দায়িত্ব শেষ পঃ ৪-এর কঃ দঃ -

056



শিক্ষা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রী অধ্যাপক এম এ মতিন শুকবার মতলব হাইস্কুলের প্রাক্তন ছাত্রদের ঈদ পুনর্মিলনীতে প্রধান অতিথির ভাষণ দেন

### মতিন

১-এর পঃ পর

আমাদের।

গতকাল শিশু একাডেমী মিলনায়তনে মতলব স্কুলের প্রাক্তন ছাত্র সমিতির পুনর্মিলনী অনুষ্ঠানে মন্ত্রী ভাষণ দিচ্ছিলেন। এক সরকারী প্রেস বিজ্ঞপ্তিতে একথা বলা হয়।

শিক্ষা প্রদানের ন্যায় পেশার আদর্শ সচেতনতা ও অনুভূতিকে সম্মত রাখতে সম্মিলিত ও অর্থনৈতিক উদ্যোগ-প্রচেষ্টার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করে প্রফেসর মতিন এ ক্ষেত্রে যথাযথ ভূমিকা পালনে শিক্ষিত সম্প্রদায়ের প্রতি আহবান জানান।

মন্ত্রী তরুণ সমাজকে শিক্ষিত করে তুলতে ও নিরক্ষরতা দূরীকরণে মতলব স্কুলের প্রধান শিক্ষক জনাব ওয়ালিউল্লাহ ভূমিকার প্রশংসা করেন।

বাসসর শব্দে বলা হয়, অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি জনাব আবদুল মান্নান। অন্যান্যের মধ্যে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর জনাব আবদুল মতিন পাটৌয়ারীও ভাষণ দেন।